

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ  
বাংলাদেশ ব্যাংক  
প্রধান কার্যালয়  
ঢাকা।

Website: www.bb.org.bd

বিআরপিডি সার্কুলার লেটার নং-১৬

২৬ ফাল্গুন ১৪২৭  
তারিখ : -----  
১১ মার্চ ২০২১

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ব্যাংকসমূহে হিসাব খোলার ফরম ও কেওয়াইসি প্রোফাইল প্রসঙ্গে।

শিরোনামোক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ২৩ ফেব্রুয়ারি ২০২০ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। উক্ত সার্কুলারের মাধ্যমে অধিকতর গ্রাহক-বান্ধব হিসাব খোলার ফরম ও কেওয়াইসি প্রোফাইল বিষয়ক নির্দেশনা জারি করা হয়। বাংলাদেশে ব্যবসায় সহজীকরণ এবং পরিবেশবান্ধব ব্যাংকিং কার্যক্রম ত্বরান্বিতকরণের লক্ষ্যে বর্তমানে অনুসৃত পদ্ধতির পাশাপাশি তফসিলি ব্যাংকসমূহের ওয়েবসাইট/ওয়েব পোর্টাল/অ্যাপ এর মাধ্যমে কিংবা বাংলাদেশের ওয়ান স্টপ সার্ভিস (ওএসএস) সেবা প্রদানকারী সরকারি সংস্থার (যেমনঃ বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ, বাংলাদেশ অর্থনৈতিক অঞ্চল কর্তৃপক্ষ, বাংলাদেশ রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চল কর্তৃপক্ষ, বাংলাদেশ হাই-টেক পার্ক কর্তৃপক্ষ ইত্যাদি) ওয়েবসাইট/ওয়েব পোর্টাল/অ্যাপ এর সাথে সমন্বয়ের মাধ্যমে অনলাইনে ব্যাংক হিসাব খোলা যাবে। অনলাইনে হিসাব খোলার ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ২৩ ফেব্রুয়ারি ২০২০ অনুযায়ী সংশ্লিষ্ট হিসাবের প্রয়োজনীয় তথ্যাদির হার্ডকপি বা সফটকপি সংরক্ষণ করতে হবে। তবে, উক্ত হিসাবের ক্ষেত্রে কেওয়াইসি এবং ট্রানজেকশন প্রোফাইল (টিপি) সংক্রান্ত বিদ্যমান নির্দেশনা পরিপালন করতে হবে। এছাড়াও, গ্রাহক/হিসাব পরিচালনাকারীর নমুনা স্বাক্ষর অনলাইনে ভেরিফাইড চ্যানেলের মাধ্যমে গ্রহণ করা যাবে।

৩। এতদ্ব্যতীত, বিআরপিডি সার্কুলার নং-০২, তারিখঃ ২৩ ফেব্রুয়ারি ২০২০ এর অন্যান্য নির্দেশনাবলী অপরিবর্তিত থাকবে।

৪। ব্যাংক-কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৫ ধারার আওতায় এ নির্দেশনা জারি করা হলো।

আপনাদের বিশ্বস্ত,



(মোঃ নজরুল ইসলাম)

মহাব্যবস্থাপক

ফোনঃ ৯৫৩০২৫২।